

একই স্মারক ও তারিখে বিকল্প আদেশ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৭জি-৫৫০(ক-৩)/২০০৫/১২৬৭/৩

তারিখ: ৩০/০৭/১৪২৭ বঙ্গাব্দ:
১৫/১১/২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : রাজবাড়ী জেলার ডাঃ আবুল হোসেন কলেজের অধ্যক্ষ এর দায়িত্ব পালন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার ডাঃ আবুল হোসেন কলেজের অধ্যক্ষ জনাব এ.বিএম মঞ্জুরুল আলম ৬০ বছর পূর্ণ হওয়ার পরও অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন মর্মে জনাব মোঃ হাবিবুর রহমান সরদার অভিযোগ করেন।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৬ মোতাবেক “বয়স ৬০ বছর পূর্ণ হওয়ার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহঃপ্রধান/শিক্ষক-কর্মচারীকে কোন অবস্থাতেই পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া যাবে না”। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ০১.০৮.২০১৮খ্রি. তারিখের ১৫২৫ নং পরিপত্রে স্পষ্ট উল্লেখ রয়েছে যে, উক্ত নীতিমালা কার্যকর হওয়ার তারিখ হতে যদি কোন পূর্বের নিয়োগ থাকে তা বাতিল বলে গন্য হবে।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৬ ধারার নিষেধাজ্ঞা লংঘন করে বয়স ৬০ বছর পূর্ণ হবার পর পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগের অভিযোগ প্রমাণিত হলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮.১(ক), (খ) ও (চ) অনুচ্ছেদ অনুযায়ী সরকারের নির্দেশনা প্রতিপালন না করার দায়ে প্রতিষ্ঠানের বেতন-ভাতার সরকারি অংশ স্থগিতকরণসহ প্রতিষ্ঠানের গভর্নিং বডি'র বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি অবহিত করে সভাপতিকে পত্র দেয়া হয়। সভাপতি পত্রের জবাব এবং রিট পিটিশনের কপি দাখিল করেন। রিট পিটিশনের বিষয়ে আইন শাখার মতামতের জন্য নথিটি আইন শাখায় প্রেরণ করা হয়। আইন শাখা মতামত প্রদানের জন্য নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করেন।

- (১) সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ৩৬০৫/২০১৯ এর কপি প্রদান করা হয়েছে। উক্ত আপীল মামলায় যে, রিট পিটিশনের রায়ের বিরুদ্ধে হয়েছে সেই রিট পিটিশনের রায়ের কপি প্রয়োজন;
- (২) রিট পিটিশন নং ১২১১/২০১১ এর রায়ের কপি প্রেরণ করা হয়েছে, এর বিরুদ্ধে আপীল হয়ে থাকলে তার কপি/তথ্য প্রয়োজন;
- (৩) এছাড়া অধ্যক্ষের দায়িত্ব পালন বিষয়ে কোন মামলা আছে কিনা; তার/কপি তথ্য প্রয়োজন;
- (৪) নির্ধারিত ছকে এমপিওভুক্ত শিক্ষকগণের তালিকা প্রয়োজন।

এমতাবস্থায়, আইন শাখার চাহিত তথ্যাদি জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভাপতি
ডাঃ আবুল হোসেন কলেজ
রাজবাড়ী।

16.11.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭

অনুলিপি:

- ১। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
- ২। ভারপ্রাপ্ত অধ্যক্ষ, ডাঃ আবুল হোসেন ডিগ্রি কলেজ, রাজবাড়ী।
- ৩। সংরক্ষণ নথি।